

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-৪

...

সভাপতি	প্রাণেশ রঞ্জন সূত্রধর প্রধান নিয়ন্ত্রক
সভার তারিখ	১৮ আগস্ট ২০২০ খ্রিঃ
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	সিসিআইএন্ডই এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ বাস্তবায়নে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে সেবা প্রদানের ক্ষেত্রে আরো বেশি নৈতিক হওয়ার আহ্বান জানান এবং সকলের শুদ্ধাচার চর্চার ব্যাপারে গুরুত্বারোপ করেন। এছাড়াও দপ্তরের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায়গুলো তুলে ধরার জন্য অনুরোধ জানান। সভা শেষে নৈতিকতা বিষয়ে এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ বাস্তবায়নে নিম্নোক্ত সিদ্ধান্তগুলো গৃহীত হয়:

- (ক) নৈতিকতা বিষয়ক সভা নিয়মিত আয়োজন করতে হবে ও কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কর্মকর্তা ও কর্মচারী নিয়ে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করে হবে।
- (খ) দপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০১৯-২০ বাস্তবায়নে সকল কর্মকর্তা/কর্মচারীগণকে তার নিজ নিজ কাজ বিভাজন করে পত্র আকারে দিতে হবে।
- (গ) কর্মকর্তা/কর্মচারীগণকে সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা, ২০১৪ সম্পর্কে অবহিতকরণ করতে হবে এবং তা অনুসরণ করে চলতে হবে;
- (ঘ) তথ্য অধিকার আইন, ২০০৯, জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ অনুসারে সকল সেবা গ্রহীতাকে তার চাহিত তথ্য সরবারহ করতে হবে;
- (ঙ) সিটিজেন চার্টার অনুযায়ী নির্দিষ্ট সময়ে সেবা প্রদান নিশ্চিত করতে হবে;

২. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



প্রাণেশ রঞ্জন সূত্রধর
প্রধান নিয়ন্ত্রক


স্মারক নম্বর: ২৬.০৩.০০০০.০০৪.৯৯.০০৮.২০.১৭৯

তারিখ: ৯ ভাদ্র ১৪২৭
২৪ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
- ২) উপ নিয়ন্ত্রক, উপ নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
- ৩) জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী নিয়ন্ত্রক, শাখা-৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর

- ৪) জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী, নির্বাহী কর্মকর্তা , শাখা- ৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
৫) জনাব মোঃ এমরান হোসেন, নির্বাহী কর্মকর্তা , শাখা-২, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
৬) প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।



মোঃ সিরাজুল ইসলাম
সহকারী নিয়ন্ত্রক